তারিখ 04 MAY 2015
পৃষ্ঠা 7 কলাম 6

দৈনিক ইত্তেফাক

# ভবন বরাদ্দের প্রতিবাদে অনশনরত জাবির ১২ শিক্ষক-শিক্ষার্থী অসুস্থ

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আমরণ অনশনরত ১২ শিক্ষক-শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে পরিবেশ বিজ্ঞান বিভাগকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ভূতাত্ত্বিক বিজ্ঞান ভবনের তৃতীয় তলায় বরাদ্দ দেয়ার প্রতিবাদ এবং শিক্ষা কার্যক্রম স্বাভাবিকরণের দাবিতে আমরণ অনশন করছিলেন তারা। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের গত শনিবার থেকে শুরু হওয়া এ কর্মসূচি গতকাল রবিবারেও তারা অব্যাহত রাখেন।

শিক্ষকসহ ওই দুই বিভাগের ১২ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়লে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মাহবুবুর রহমান ও শিখা মনিকে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে প্রাথমিক চিকিৎসা শেষে সাভার এনাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি মাজেদা ইসলাম বলেন, উদ্ভূত সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসন দায়িত্বশীল আচরণ না করে শিক্ষার্থীদের শিক্ষা জীবন ধ্বংসের মুখে ঠেলে দিয়েছেন। একই সঙ্গে দুই বিভাগের ২৫ জন শিক্ষক এক যোগে পদত্যাগ করায় বর্তমানে শিক্ষা ও গবেষণা হুমকির মুখে পড়েছে।

গত ৫ এপ্রিল রেজিস্ট্রার প্রেরিত একটি অফিস আদেশের মাধ্যমে পরিবেশ বিজ্ঞান বিভাগকে ভূতাত্ত্বিক বিজ্ঞান ও কম্পিউটার বিজ্ঞান ভবনের ৩য় তলা বরাদ্দ দেয়া হয়। এ ঘটনাকে কেন্দ্র করে গত শনিবার ওই দুই বিভাগের শিক্ষকরা গণপদত্যাগ করেন এবং আমরণ অনশনের কর্মসূচি ঘোষণা করেন।